এনডিপি-পরিবেশ নীতিমালা-২০১৯

প্রথম সংস্করণ

জুলাই- ২০১৯

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

এনডিপি ভবন, বাগবাড়ী, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ।

ফোন: ০৭৫১-৬৩৮৭০-৭১; ফ্যাক্স: ০৭৫১-৩৮৭৭

ইমেইল: akhan_ndp@yahoo.com

ওয়েবসাইট: www.ndpbd.org

সূচিপত্রঃ

অনুচ্ছেদ নং	বিবরণ	পৃষ্ঠা নং
	ভূমিকা	০১
১	এনডিপি-পরিবেশ নীতিমালার লক্ষ্য	০২
২	এনডিপি-পরিবেশ নীতিমালার উদ্দেশ্য	০২
৩	এনডিপি-পরিবেশ নীতিমালার আওতা	০২
৪	এনডিপি-পরিবেশ নীতিমালার কার্যকারিতা	০২
৫	সংস্থার কার্যক্রম ভিত্তিক পরিবেশগত ও সামাজিক নীতি	০২
৫.১	শিল্প উদ্যোগ ও অন্যান্য অর্থনৈতিক কর্মকান্ডে পরিবেশগত ও সামাজিক নীতি	০২
৫.২	পানি, পয়ঃনিস্কাশন ও পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রমে পরিবেশগত ও সামাজিক নীতি	০৩
৫.৩	জীবনযাত্রার মান উন্নয়ন কার্যক্রমে পরিবেশগত ও সামাজিক নীতি	০৩
৫.৪	বায়ুদূষণ নিয়ন্ত্রণ কার্যক্রমে পরিবেশগত ও সামাজিক নীতি	০৫
৫.৫	দূর্যোগ ব্যবস্থাপনা ও জরুরী সাড়া প্রদান কার্যক্রমে পরিবেশগত ও সামাজিক নীতি	০৫
৫.৬	জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় প্রস্তুতি ও অভিযোজনমূলক কার্যক্রমে পরিবেশগত ও সামাজিক নীতি	০৫
৫.৭	স্বাস্থ্যসেবা কার্যক্রমে পরিবেশগত ও সামাজিক নীতি	০৬
৫.৮	আবাসন ও গৃহায়ন কার্যক্রমে পরিবেশগত ও সামাজিক নীতি	০৬
৫.৯	শিক্ষা ও গণসচেতনতা কার্যক্রমে পরিবেশগত ও সামাজিক নীতি	০৬
৫.১০	সামাজিক বনায়ন ও জীববৈচিত্র সংরক্ষণ কার্যক্রমে পরিবেশগত ও সামাজিক নীতি	০৬
৫.১১	কৃষি কার্যক্রমে পরিবেশগত ও সামাজিক নীতি	০৭
৫.১২	মৎস্য ও প্রাণীসম্পদ কার্যক্রমে পরিবেশগত ও সামাজিক নীতি	০৭
৫.১৩	জ্বালানি ও পরিবেশ সংক্রান্ত কার্যক্রমে পরিবেশগত ও সামাজিক নীতি	০৮
৫.১৪	পরিবহন ও যোগাযোগ কার্যক্রমে পরিবেশগত ও সামাজিক নীতি	০৮
৫.১৫	মানবসম্পদ ব্যবস্থাপনা কার্যক্রমে পরিবেশগত ও সামাজিক নীতি	০৯
৫.১৬	গবেষনা ও তথ্য সংরক্ষণ বিষয়ক কার্যক্রমে পরিবেশগত ও সামাজিক নীতি	০৯
৫.১৭	অন্যান্য দূষণ নিয়ন্ত্রণ কার্যক্রমে পরিবেশগত ও সামাজিক নীতি	০৯
৬	পরিবেশগত ও সামাজিক প্রভাব বা ঝুঁকি নিরুপন (Screening)	০৯
৭	পরিবেশগত ও সামাজিক প্রভাব বা ঝুঁকি প্রশমন ব্যবস্থাপনা	০৯
৮	অভিযোগ প্রতিকার পদ্ধতি	১০
৯	পর্যবেক্ষণ ও মুল্যায়ন	১০
১০	প্রতিবেদন প্রস্তুত	১০
১১	নীতিমালা সংশোধন	১০
ছক-০১	নির্দিষ্ট কর্মসূচি/প্রকল্প/কার্যক্রমভিত্তিক পরিবেশগত ও সামাজিক প্রভাব বা ঝুঁকি নিরুপন (Screening) ছক	১০
ছক-০২	নির্দিষ্ট কর্মসূচি/প্রকল্প/কার্যক্রমভিত্তিক পরিবেশগত ও সামাজিক প্রভাব ব্যবস্থাপনা পরিকল্পনা ছক	১০

Aleya Akhtar Banu
Chairperson
National Development Programme-NDP

Md. Alauddin Khan
Executive Director
National Development Programme-NDP

এনডিপি-পরিবেশ নীতিমালা (NDP-Environment Policy)

ভুমিকা ঃ পরিবেশ এমন একটা গতিশীল ব্যবস্থা যা জীবন এবং প্রকৃতির অস্তিত্ব এবং এর উন্নয়নকে প্রভাবিত করে। মানুষের জীবনযাত্রা কতটুকু টেকসই তা নির্ভর করে মানুষের সাথে পরিবেশের সম্পর্কের উপর। মানুষ ও পরিবেশের পারস্পরিক সম্পর্কের অতিমাত্রার ভারসাম্যহীনতা পরিবেশকে মানুষের প্রতিদন্দী হিসাবে চিহ্নিত করেছে। ফলে আমরা এখন জনসংখ্যা বৃদ্ধি, অপরিকল্পিত নগরায়ন এবং জলবায়ূ পরিবর্তনের মত বিষয়গুলোর মুখোমুখি হচ্ছি। সাম্প্রতিক সময়ে অনেক পরিবেশগত পরিবর্তন হয়েছে যার প্রাথমিক কারণ হচ্ছে জনসংখ্যা বৃদ্ধি এবং পরিবেশের উপর মানব আধিপত্য।

ভৌগলিক অবস্থানের কারনে জলবায়ূ পরিবর্তনজনিত সর্বাধিক ঝুঁকিপূর্ণ দেশগুলির মধ্যে বাংলাদেশ অন্যতম। জলবায়ু পরিবর্তনজনিত সকল নেতিবাচক প্রভাবে এদেশের ভূমি, কৃষি, পানিসম্পদ, স্বাস্থ্য, শিক্ষা, জীববৈচিত্র, অবকাঠামো ইত্যাদি নতুন নতুন চ্যালেঞ্জের সম্মুখিন হচ্ছে। সুস্থ জীবনের জন্য সুস্থ পরিবেশ একান্ত অপরিহার্য। মানুষ সুস্থ জীবনযাপনের প্রয়োজনীয় উপকরণ প্রকৃতি ও পরিবেশ থেকে গ্রহণ করে থাকে। প্রাকৃতিক সম্পদের টেকসই ব্যবহার এবং পরিবেশের ভারসাম্য রক্ষার উপর প্রাণী ও উদ্ভিদজগতের অস্তিত্ব নির্ভরশীল। পৃথিবীর সকল জীব ও জড় উপাদান বিশ্ব পরিবেশের অংশ। পরিবেশের কোন উপাদান/অংশের পরিবর্তন বা অবক্ষয়ের প্রভাব অন্যান্য উপাদানের উপর পড়ে। সাম্প্রতিককালে প্রাকৃতিক পরিবেশের ক্রমাবনতি সকল প্রকার প্রাণের অস্তিত্ব এবং মানবসভ্যতার জন্য একটি গুরতর সমস্যা হিসাবে চিহ্নিত হয়েছে।

পরিবেশ সংরক্ষণ ও পরিবেশগত মান উন্নয়নে বিভিন্ন আর্থ-সামাজিক সমস্যা যেমন জনসংখ্যার আধিক্য, দারিদ্র্য, নিরক্ষতা, অপ্রতুল স্বাস্থ্য ব্যবস্থ্যা, গণসচেতনতার অভাব, ভূমির অপরিকল্পিত ব্যবহার, নগরায়ন, শিল্পায়ন, অবকাঠামো নির্মাণ ইত্যাদি প্রতিবন্ধকতা হিসাবে দেখা দিয়েছে। পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমের সাথে এই গুলিকে সামগ্রিক এবং সমন্বিতভাবে সমাধান করা প্রয়োজন। প্রতিবেশ (Ecosystem) হতে অন্ন, বস্ত্র, ঔষধ, বাসস্থানসহ মানুষের মৌলিক চাহিদা পূরণ হয়। জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে প্রতিবেশের উপর চাপ ক্রমাগত বাড়ছে।

বাংলাদেশে উপর্যুপরি বন্যা, খরা, ঘুর্ণিঝড়, জলোচ্ছাস প্রভৃতি প্রাকৃতিক ও জলবায়ু পরিবর্তনজনিত দূর্যোগ, উত্তরাঞ্চলে মরুময়তার লক্ষণাদী, নদ-নদীতে লবণাক্ততার বিস্তার, ভূমিক্ষয়, দ্রুতহ্রাসমান বনাঞ্চল, জলবায়ু পরিবর্তন, আবহাওয়ার অনিশ্চয়তা ও অন্যান্য বহুবিধ পরিবেশগত সমস্যাও সমভাবে বিদ্যমান।

বাংলাদেশের বর্ধনশীল বিপুল জনগোষ্ঠির ক্রমবর্ধমান চাহিদা মোকাবেলার জন্য কৃষিপণ্যের উৎপাদন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিৎকরণ আবশ্যক। জলবায়ু পরিবর্তনের সাথে সাথে অভিযোজন, প্রশমনের মাধ্যমে জলবায়ুর নেতিবাচক প্রভাব নিরসন, পূর্ব সতর্কতামূলক কার্যক্রমের প্রসার ঘটানোর জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা অর্জন, জলজ ও স্থলজ প্রতিবেশ ব্যবস্থার সংরক্ষণ, পুনরুদ্ধার টেকসই ব্যবহারে যথাযথ কার্যক্রম গ্রহণ আবশ্যক। এহেন পরিস্থিতিতে প্রযোজ্য ক্ষেত্রে সংস্থা তাঁর সকল কর্মসূচি/প্রকল্প বা কার্যক্রমে জলবায়ু পরিবর্তনজনিত প্রাকৃতিক দূর্যোগ ও পরিবেশের উপর মানব আধিপত্যের কারণে সৃষ্ট পরিবেশগত ও সামাজিক প্রভাব বা ঝুঁকি প্রশমন/নিরসনের লক্ষ্যে এতদসংক্রান্ত বিষয়ে লক্ষিত জনগোষ্ঠির সচেতনতা ও দক্ষতা বৃদ্ধি ও প্রতিকুল পরিস্থিতিতে অভিযোজন কার্যক্রমের প্রসার ঘটানোর বিষয়টিকে প্রাধান্য দিয়ে এই নীতিমালা প্রনয়ন করেছে।

Aleya Akhtar Banu
Chairperson
National Development Programme-NDP

Md. Alauddin Khan
Executive Director
National Development Programme-NDP